

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫১৯

পর্ব-৩: পাক-পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৯. দ্বিতীয় অনুচ্ছেদ - মোজার উপর মাসাহ করা

আরবী

عَنْ أَبِي بَكْرَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: أَنَّهُ رَخَّصَ لِلْمُسَافِرِ ثَلَاثَةَ أَيَّامٍ وَيَالِيَهُنَّ
وَالْمُقِيمِ يَوْمًا وَلَيْلَةً إِذَا تَطَهَّرَ فَلَبَسَ خُفَّيْهِ أَنْ يَمْسَحَ عَلَيْهِمَا. رَوَاهُ الْأَثْرَمُ فِي سُنَنِهِ وَأَبْنُ
خُزَيْمَةَ وَالِدَارَقُطْنِي وَقَالَ الْخَطَّابِيُّ: هُوَ صَحِيحُ الْإِسْنَادِ هَكَذَا فِي الْمُنْتَقَى

বাংলা

৫১৯-[৩] আবু বকরাহ (রাঃ)হতে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মুসাফিরের জন্য তিনদিন তিনরাত এবং মুক্কীমের জন্য একদিন একরাত উযু (ওযু/ওজু/অজু) করে মোজা পরার পর এর উপর মাসাহ করার অনুমতি দিয়েছেন। আসরাম তাঁর 'সুনানে' এবং ইবনু খুযায়মাহ ও দারাকুত্বনী এ হাদীসটি বর্ণনা করেছেন।[1] ইমাম খাত্তাবী বলেছেন, হাদীসটির সানাদ সহীহ। আল মুন্তাক্বা কিতাবেও এরূপ উল্লেখ রয়েছে।

ফুটনোট

[1] হাসান : ইবনু খুযায়মাহ ১৯২, দারাকুত্বনী ১/২০৪, বায়হাক্কী ১/২৮১, তালখীস ৫৮ পৃঃ।

ব্যাখ্যা

ব্যাখ্যা: নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মোজার উপর মাসাহ করার জন্য অনুমতি দিয়েছেন। মুসাফিরের জন্য তিনদিন ও তিনরাত এবং মুক্কীমের জন্য একদিন ও একরাত। অবশ্য পবিত্র অবস্থায় মোজা পরিধান করতে হবে। আর পবিত্র অবস্থায় থাকা অর্থ মোজা পরিধানের সময় উযু (ওযু/ওজু/অজু) অবস্থায় থাকা।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=55076>

হাদিসবিডিৰ প্ৰজেক্টে অনুদান দিন